নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪
Noakhali science and Technology University
Noakhali-3814

www.nstu.edu.bd

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone: 880-2334496581, Mobile: 88-01733998894
e-mail: pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৫/২১৮৪ ১৯ জুন ২০২৫

## সংবাদ বিজ্ঞপ্তি

# নোবিপ্রবিতে জাতীয় হাই স্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা ২০২৫ অনুষ্ঠিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) জাতীয় হাই স্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা ২০২৫ (আঞ্চলিক পর্ব) অনুষ্ঠিত হয়েছে। বুধবার (১৮ জুন ২০২৫) নোবিপ্রবি বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

নোবিপ্রবি কম্পিউটার সায়েন্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (সিএসটিই) বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক ড. নাহিদ আক্তারের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ, প্রকৌশল ও প্রযুক্তি অনুষদের ডিন অধ্যাপক ড. আসাদুন নবী, আইসিটি সেল পরিচালক অধ্যাপক ড. মোঃ বেল্লাল হোসাইন, আইসিটি মন্ত্রণালয়ের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উপসচিব জনাব মোঃ আবু নাসের, নোয়াখালী জেলার জেলা প্রশাসনের সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব মোঃ ফাহিম হাসান খান। এতে প্রধান বক্তা হিসেবে ছিলেন নোবিপ্রবি সাইবার সেন্টারের পরিচালক (ভারপ্রাপ্ত) জনাব ইফতেখার মাহমুদ তাওহীদ।

উল্লেখ্য, প্রতিযোগিতায় প্রোগ্রামিং কনটেস্ট, আইসিটি কুইজ এবং দাবায় বিজয়ীদের পুরষ্কার প্রদান করা হয়। এছাড়াও প্রতিযোগিদের জন্য ‘এআই এন্ড সাইবার সিকিউরিটি’ বিষয়ক সেমিনারের আয়োজন করা হয়।

R. Kaiser

রায়হান কায়সার হাসেম
সহকারী রেজিস্ট্রার
জনসংযোগ ও প্রকাশনা দপ্তর